



## প্রোফাইল

নৌপরিবহন মন্ত্রণালয়ের উপসচিব জনাব মোঃ মনোয়ার হোসেন বিসিএস (ইকনমিক) ক্যাডারের ১৩শ (ত্রয়োদশ) ব্যাচের কর্মকর্তা। তিনি ১৯৯৪ সালে সহকারি প্রধান পদে সরকারি চাকরিতে যোগদান করেন।

তিনি ১৯৬৬ সালে যশোর জেলায় জন্মগ্রহণ করেন। তিনি যশোর জেলার নতুন খয়েরতলা মাধ্যমিক বিদ্যালয় হতে ১৯৮১ সালে এসএসসি ও সরকারি মাইকেল মধুসূদন কলেজ হতে ১৯৮৩ সালে এইচএসসি পরীক্ষা পাশ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় হতে ১৯৮৬ সালে অর্থনীতি বিষয়ে বিএসএস (অনার্স) ও ১৯৮৭ সালে মাস্টার্স ডিগ্রী অর্জন করেন। তিনি ২০০০ সালে নেদারল্যান্ডের ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অব সোস্যাল স্টাডিজ (আইআইএসএস) হতে ডেভলপমেন্ট স্টাডিজ বিষয়ে মাস্টার্স ডিগ্রী অর্জন করেন।

জনাব মোঃ মনোয়ার হোসেন চাকরি জীবনে ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয় এবং পরিকল্পনা কমিশনের বিভিন্ন সেক্টর-ডিভিশনে কাজ করেছেন। তিনি ২০০৮ ও ২০০৯ সালে ইউএনডিপিতে ন্যাশনাল কোঅর্ডিনেশন অফিসার পদে ১ বছর ৩ মাস লিয়েনে কাজ করেছেন। ২০১৩ সালে মার্চ মাসে তিনি উপসচিব পদে পদোন্নতি পান এবং সেপ্টেম্বর মাসে নৌপরিবহন মন্ত্রণালয়ে উপসচিব পদে যোগদান করেন।

তিনি উচ্চ শিক্ষা, প্রশিক্ষণ ও সরকারি কাজে নেদারল্যান্ড, যুক্তরাজ্য, থাইল্যান্ড, মালয়েশিয়া, অস্ট্রেলিয়া, চীন, ইন্ডিয়া, ভিয়েতনাম ও কম্বোডিয়া সফর করেছেন।

জনাব মোঃ মনোয়ার হোসেন বিবাহিত এবং তিন সন্তানের জনক। তাঁর স্ত্রীর নাম রোজিনা খাতুন।